

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mora.gov.bd

নম্বর: ধবিম/হ:শা:৩/৬-১৬২/২০০৫-১৯৮

তারিখ: ১৫ আষাঢ়, ১৪২৯
২৯ জুন, ২০২২

বিষয়: কারণ দর্শানোর নোটিশ

যেহেতু আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নিবন্ধিত হজ এজেন্সি মর্ডান এয়ার ইন্টারন্যাশনাল (হজ লাইসেন্স নং-২৯৬), সিটি হার্ট বিল্ডিং, ৬ষ্ঠ তলা, ৬৭, নয়াপল্টন, ঢাকা-১০০০ এর স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন; এবং

০২। যেহেতু আপনি হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ০৯ ধারায় বর্ণিত নিবন্ধনের শর্তসমূহ পালনে দৃঢ়ভাবে অঙ্গীকারাবদ্ধ; এবং

০৩। যেহেতু আপনার এজেন্সির মোনাঞ্জেম গত ২৮.০৬.২০২২ তারিখে জনাব মো: আব্দুল হান্নান পবিত্র পালনের জন্য সৌদি গমনের সময় ০৩ পোটলা জর্দা এবং নেশাজাত দ্রব্যসহ জেদ্দা বিমানবন্দরে সৌদি পুলিশের হাতে গ্রেফতার হয়েছে, যদিও পরবর্তীতে পুলিশ তাকে ছেড়ে দেয়েছে;

০৪। যেহেতু আপনার এজেন্সির মোনাঞ্জেম জনাব মো: আব্দুল হান্নানের গ্রেফতার হওয়ার জন্য সকল হাজীদের ০৫ ঘন্টা বিমানবন্দরে অপেক্ষা করতে হয়েছে যাতে অন্যান্য হাজীগণ অনেক কষ্ট পেয়েছেন এবং যেহেতু আপনার এজেন্সির হজযাত্রীর এহেন কার্যক্রমের কারণে বাংলাদেশের ভাবমূর্তি ক্ষুন্ন হয়েছে; এবং

০৫। যেহেতু আপনার এজেন্সির এরূপ কার্যক্রম সূষ্ঠ হজ ব্যবস্থাপনার অন্তরায় এবং সরকারের হজ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট নির্দেশনা উপেক্ষিত হয়েছে; যা হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর পরিপন্থী; এবং

০৬। যেহেতু আপনার এ ধরনের কার্যক্রমের কারণে হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের কারণসমূহ বিদ্যমান;

০৭। যেহেতু আপনার কর্তৃক পরিচালিত মর্ডান এয়ার ইন্টারন্যাশনাল (হজ লাইসেন্স নং-২৯৬) এর বিরুদ্ধে হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ১৩ ধারা অনুযায়ী কেন প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব আগামী ০৩ (তিন) দিনের মধ্যে এ মন্ত্রণালয়ে দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


২৭.০৬.২০২২

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
উপসচিব

ফোন: ৫৫১০১১১৮

e-mail: morahajsection@gmail.com

ফাতেমা ফারহীন নিশা চৌধুরী

স্বত্বাধিকারী

মর্ডান এয়ার ইন্টারন্যাশনাল (হজ লাইসেন্স নং-২৯৬),

সিটি হার্ট বিল্ডিং, ৬ষ্ঠ তলা, ৬৭, নয়াপল্টন, ঢাকা-১০০০

নম্বর: ধবিম/হ:শা:৩/৬-১৬২/২০০৫-১৯৮

তারিখ: ২৯.০৬.২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা।
২. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (www.mora.gov.bd ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাতারা সেন্টার, নয়াপল্টন, ঢাকা।
৬. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২ কারওয়ান বাজার, ঢাকা (www.hajj.gov.bd ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. অফিস কপি।


২৭.০৬.২০২২

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
উপসচিব